

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
ইন্দুরকানী, পিরোজপুর

স্মারক নং ৩৪.০১.৭৯৯০.০০০.৪৮.৭৩.১৯-৩৯

তারিখ : ০৮/০৮/২০২৩খ্রিঃ

প্রশিক্ষণ ভর্তি বিজ্ঞপ্তি


দেশের বেকার যুবদের দক্ষতা বৃদ্ধি ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের যুব উন্নয়ন অধিদপ্তর ইন্দুরকানী, পিরোজপুর কর্তৃক আয়োজিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ০৭(সাত) দিন মেয়াদী (২০/০৮/২০২৩খ্রিঃ হতে ২৫/০৮/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত ১ম ব্যাচ) হাঁস-মুরগী পালন বিষয় প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য অত্র উপজেলার ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিম্ন বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কেন্দ্র : কে,সি টেকনিক্যাল কলেজ, ইন্দুরকানী, পিরোজপুর

কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা(সর্বনিম্ন)	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	আবেদন জমার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
হাঁস-মুরগী পালন	৫ম শ্রেণী	৩০ জন	০৭ দিন	১৬/০৮/২০২৩	১৭/০৮/২০২৩	১৭/০৮/২০২৩	২০/০৮/২০২৩

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

- ০১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ইন্দুরকানী, পিরোজপুর, নির্ধারিত ফরমে আবেদন পত্র জমাদিতে হবে।
- ০২। আবেদনের সাথে(ক) শিক্ষাগত যোগ্যতার ও বয়স প্রমানের প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি(খ)জাতীয় পরিচয় পত্র(NID)অথবা জন্ম সনদ পত্র(গ)স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ(ঘ) পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি (সত্যায়িত)জমা দিতে হবে।
- ০৩। ১৬/০৮/২০২৩খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর সীমার মধ্যে হতে হবে।
- ০৪। ভর্তির ব্যাপারে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৫। ভর্তির জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে বিকাল ৩.০০ঘটিকায় হাজির হতে হবে।
- ০৬। এ জন্য কোন প্রকার টি,এ/ ডি,এ প্রদান করা হবেনা।
- ০৭। স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ০৮। এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের উপস্থিতির ভিত্তিতে সরকার কর্তৃক প্রদেয় দৈনিক ১০০/- (একশত) টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে।



(মোঃ আবু জাফর হাওলাদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ইন্দুরকানী, পিরোজপুর

স্মারক নং ৩৪.০১.৭৯৯০.০০০.৪৮.৭৩.১৯-

তারিখ : ৮/০৮/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর
- ০৪। বিভিন্ন অফিস ও সংস্থার নোটিশ বোর্ড।
- ০৫। অফিস কপি।


(মোঃ আবু জাফর হাওলাদার)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ইন্দুরকানী, পিরোজপুর